

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/16/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো আজ প্রচার অভিযানের অবদান কম করার এবং 2019 কার্যনির্বাহী বাজেটে  
অন্তর্ভুক্ত সর্বজনীন অর্থ সংস্থান বাস্তবায়িত করার প্রস্তাব ঘোষণা করেছেন

ব্যপক সংস্কার রাজনীতিতে বড় পরিমাণে অর্থের বিরুদ্ধে লড়াই করবে এবং সমস্ত নিউ  
ইয়র্কবাসীদের মতামতকে শক্তিশালী করে তুলবে

গভর্নরের এই প্রস্তাব ঘোষণা করার ভিডিও [এখানে](#) পাওয়া যাবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ প্রচার অভিযানের অবদান কম করার এবং 2019 কার্যনির্বাহী বাজেটে  
অন্তর্ভুক্ত সর্বজনীন অর্থ সংস্থান বাস্তবায়িত করার প্রস্তাব ঘোষণা করেছেন এই ব্যপক সংস্কারসমূহ রাজনীতিতে  
বিপুল পরিমাণ অর্থের অভূতপূর্ব প্রভাবের বিরুদ্ধে লড়াই করবে এবং সমস্ত নিউ ইয়র্কবাসীদের মতামতকে  
শক্তিশালী করে তুলবে। গভর্নরের এই প্রস্তাবটি ঘোষণা করার ভিডিও YouTube [এখানে](#) এবং TV মানের  
(h.264, mp4)বিন্যাসে [এখানে](#) পাওয়া যাবে।

"অনেক দিন ধরে, ধনী সংস্থাগুলি এবং ধনবান এক শতাংশ আমাদের নির্বাচনকে প্রভাবিত করেছে এবং  
সাধারণ নিউ ইয়র্কবাসীদের কন্ঠস্বরগুলিকে দাবিয়ে রেখেছে", **গভর্নর কুওমো বলেন।** "এখন সময় নিউ  
ইয়র্কে প্রকৃত প্রচার অভিযানের অর্থায়নের সংস্কার বাস্তবায়িত করা। প্রার্থীদের বড় কর্পোরেশনগুলির পরিবর্তে  
ছোট ছোট দাতাদের উপর নজর কেন্দ্রীভূত করাকে অনুপ্রাণিত করে, এবং প্রচার অভিযানের অবদানের সীমা  
কমিয়ে ও নিউ ইয়র্কবাসীদের সকলকে তাদের ক্ষমতা একবারের জন্য ফিরিয়ে দিয়ে আমরা আমাদের প্রচার  
অভিযান অর্থায়ন করার পদ্ধতিটি ভালো করে সাজাই।"

### প্রচার অভিযানের অবদানের সীমা কম করা

গভর্নর কুওমো সমস্ত প্রার্থীদের জন্য অবদানের সীমা কমানোর প্রস্তাব করছেন। এই সংস্কারগুলি বাস্তবায়িত  
করে, এবং একটি শক্তিশালী সর্বজনীন অর্থায়ন পদ্ধতি তৈরি করে, নিউ ইয়র্ক নাটকীয়ভাবে রাজনীতিতে অর্থের  
প্রভাব হ্রাস করবে এবং একটি মানুষের দ্বারা, ও মানুষের জন্য সরকারে ফিরে আসবে। যে সব প্রার্থীরা  
সর্বজনীন অর্থায়নে অংশগ্রহণ করছেন না, প্রস্তাবটি তাদের অবদানের সীমা সংশোধন করবে এইভাবে:

- রাজ্যব্যাপী প্রার্থীদের অবদানের সীমা থাকবে 25,000 ডলার, অথবা প্রাথমিক নির্বাচনের  
জন্য 10,000 ডলার এবং সাধারণ নির্বাচনের জন্য 15,000 ডলার। বর্তমানে, সাধারণ  
নির্বাচনের জন্য রাজ্যব্যাপী প্রার্থীদের অবদানের সীমা 44,000 ডলার। প্রাথমিক নির্বাচনের  
জন্য, সীমা হলো নথিভুক্ত ভোটারের সংখ্যার সমান, নিষ্ক্রিয় ভোটার বাদে, যা গুণ করা হবে  
0.005 ডলার, যার মোট পরিমাণ হবে 21,100 ডলার, কিন্তু অন্তত 7,000 ডলার।

- রাজ্যের সিনেট প্রার্থীদের অবদানের সীমা থাকবে 10,000 ডলার, অথবা প্রাথমিক এবং সাধারণ নির্বাচন প্রতিটির জন্য 5,000 ডলার করে থাকবে। বর্তমানে রাজ্যের সিনেট প্রার্থীদের অবদানের সীমা থাকে 18,000 ডলার অথবা 7,000 ডলার প্রাথমিক নির্বাচনের জন্য এবং 11,000 ডলার থাকে সাধারণ নির্বাচনের জন্য।
- রাজ্যের বিধানসভার প্রার্থীদের প্রাথমিক এবং সাধারণ নির্বাচন, প্রতিটির জন্য অবদানের সীমা 6,000 ডলার, অথবা 3,000 ডলার করে থাকবে। বর্তমানে, রাজ্যের বিধানসভার প্রার্থীদের অবদানের সীমা, প্রাথমিক এবং সাধারণ নির্বাচন, প্রতিটির জন্য 8,800 ডলার, অথবা 4,400 ডলার করে থাকবে।

### নির্বাচনগুলির সর্বজনীন অর্থায়ন

নিউ ইয়র্কের বর্তমান প্রচার অভিযানের অর্থায়ন ব্যবস্থায় প্রার্থীদের সাধারণ দাতাদের উপর নজর কেন্দ্রীভূত করার জন্য কোনো ইনসেন্টিভ নেই। বড় দাতারা বড় পরিমাণে দান করেন যা সাধারণ মানুষের মতামতকে দাবিয়ে রাখে। সর্বজনীন প্রচার অভিযানের অর্থায়ন হলো এই সমস্যার সমাধান। ছোট দানের জন্য সর্বজনীন অর্থায়নের 6:1 অনুপাতের আইন প্রণয়ন করে, প্রার্থীরা ছোট দাতাদের প্রতি নজর দিতে উৎসাহিত করা হবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসারস্কাইব করুন](#)